

মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে পরিকল্পিত পদক্ষেপ প্রয়োজন

শিক্ষা সপ্তাহ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া বাংলাদেশকে বিশ্ব অর্থনীতিতে মর্যাদাপূর্ণ আসনে অধিষ্ঠিত করার লক্ষ্যে দেশের সামগ্রিক শিক্ষা ব্যবস্থার গুণগত মানের উন্নয়নের আহ্বান জানিয়েছেন। এ ব্যাপারে তিনি পরিকল্পিত পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন। প্রধানমন্ত্রী গতকাল ঢাকায় চীন-বাংলাদেশ মৈত্রী মিলনায়তনে সবার জন্য শিক্ষা সপ্তাহ-২০০২ উদ্বোধনকালে এ আহ্বান জানান। বাসস, ইউএনবি।

প্রধানমন্ত্রী বলেন, দেশে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য আমাদেরকে পরিকল্পিত পদক্ষেপ গ্রহণ করতে হবে। তা না হলে একশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় আমরা পিছিয়ে পড়বো।

দেশকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার তার দৃঢ় সংকল্পের কথা ব্যক্ত করে খালেদা জিয়া বলেন, এই গুরুত্বপূর্ণ জাতীয় দায়িত্ব সম্পাদনের পূর্বশর্ত হচ্ছে একটি স্থিতিশীল সামাজিক-রাজনৈতিক পরিবেশ। তিনি বলেন, আসুন দেশের বৃহত্তর স্বার্থে সকল বিভেদ ভুলে উবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুন্দর সমাজ গড়ায় একযোগে কাজ করার অঙ্গীকার করি।

দারিদ্র্যের অন্যতম কারণ হিসেবে শিক্ষার অভাবকে চিহ্নিত করে তিনি বলেন, আমরা যদি দারিদ্র্য নির্মূল চাই তাহলে আমাদেরকে প্রথমে নিরক্ষরতার অঙ্ককার দূর করতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রীর প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা অধ্যাপিকা জাহানারা বেগম, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব ড. তাহমিনা হোসেন, ইউনেস্কো কার্ত্তি ডিরেক্টর জারগেন লিসনার এবং উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এ কে এম দেলোয়ার হোসেন।

এছাড়া মন্ত্রী, কূটনীতিক, দাতা দেশসমূহের প্রতিনিধি, শিক্ষক ও শিক্ষাবিদরা এতে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. তাহমিনা হোসেন।